







চুয়াল্লিশে এসে স্বপ্ন ঘোড়া, কল্পনা তার সওয়ারি

মুর্শিদাবাদে তৃণমূল নেতাকে বাড়িতে ঢুকে পরপর গুলি

কলকাতা ১৯ জানয়ারি ২০২৪ ৪ মাঘ ১৪৩০ শুক্রবার সপ্তদশ বর্ষ ২১৮ সংখ্যা ১২ পাতা ৩.০০ টাকা ■ Kolkata, 19.1.2024, Vol.17, Issue No. 218, 12 Pages, Price 3.00

এক নজরে

তৃণমূলের প্রতিশ্রুতি পূরণ পৃথক মহকুমা হল ধূপগুড়ি, ঘোষণা কর্লেন মুখ্যমন্ত্ৰী

নিজস্ব প্রতিবেদন: অবশেষে পৃথক মহকুমা হল জলপাইগুড়ির ধূপগুড়ি জেলা। এমনটা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী স্বয়ং। জলপাইগুড়ি জেলার ধূপগুড়িকে পৃথক মহকুমা করার কথা গত সেপ্টেম্বরে ঘোষণা করেছিলেন মখ্যমন্ত্ৰী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু এত দিন তা আইনি জটে আটকে ছিল। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী জানিয়ে দিলেন, ধূপগুড়ি পৃথক মহকুমা হওয়ার বিষয়ে আইনি জট কেটে গিয়েছে। বৃহস্পতিবার আন্তর্জাতিক কলকাতা বইমেলা উদ্বোধনের পর সাংবাদিকদের সঙ্গে পৃথক একটি অনুষ্ঠানে মিলিত হন মুখ্যমন্ত্রী। সেখানেই তিনি জানান, ধূপগুড়ি এ বার থেকে পৃথক মহকুমা। আইনি জটের বিষয়ে কলকাতা হাই কোর্টের টিএস বিচারপতি শিবজ্ঞানমের সঙ্গেও তাঁর কথা হয়েছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। এতদিন ধূপগুড়ি ছিল ব্লক। কোনও ব্লককে মহকুমা ঘোষণা করতে হলে পরিকাঠামোগত উন্নয়নের পাশাপাশি আইন বিভাগের অনুমতি দরকার। পরিকাঠামো উন্নয়নে আগেই কাজ শুরু হয়েছিল। ৩১ ডিসেম্বরের মধ্যেই ধূপগুড়ি মহকুমা ঘোষণা হওয়ার কথা ছিল। তবে আইন বিভাগের অনুমতি এতদিন মিলছিল না। ফলে ২০২৩ সালে মহকুমা হিসেবে আত্মপ্রকাশ করতে পারেনি ধূপগুড়ি। এবার সেসব জটিলতা কাটিয়ে অস্তিম অনুমোদন গিয়েছে।

সংহতি যাত্ৰায় অনুমতি

বৃহস্পতিবারই বিজ্ঞপ্তি প্রকাশ

নিজস্ব প্রতিবেদন: শর্তসাপেক্ষে তৃণমূলের সংহতি যাত্রায় অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। আগামী ২২ জানুয়ারি, অযোধ্যায় রাম মন্দির উদ্বোধনের দিনেই বাংলায় সংহতি যাত্রার ডাক দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাম মন্দির উদ্বোধন প্রসঙ্গে একতার বার্তা দিতে দেখা যায় মমতা বন্দ্যোপাধ্যায়কে। তিনি বলেন, 'ধর্ম যার যার, উৎসব সকলের'। অন্য কোনও সম্প্রদায়ের মানুষকে অবহেলা করা যাতে না হয় সেই বিষয়টির উপর গুরুত্ব আরোপ করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর উপস্থিতিতে কোনওভাবেই বিভাজনের রাজনীতি করা যাবে না, মন্তব্য মুখ্যমন্ত্রীর।

*বিস্তারিত শহরের পাতা*য় নিয়োগ

দুর্নীতিতে হানা ইডির

নিজস্ব প্রতিবেদন: এবার রেশন নয়, নিয়োগ দুর্নীতির তদস্তে ময়দানে নামতে দেখা গেল কেন্দ্রীয় তদস্তকারী

আধিকারিকদের। সূত্রের খবর, প্রসন্ন রায়ের একাধিক ঠিকানায় তল্লাশি চালাচ্ছেন কেন্দ্ৰীয় এজেন্সির আধিকারিকরা। বস্তুত, নিয়োগ দুর্নীতি কাণ্ডে গ্রেপ্তার হওয়া পার্থ চট্টোপাধ্যায় ছাড়াও ধৃত তৃণমূল বিধায়ক জীবন সাহারও ঘনিষ্ঠ এই প্রসন্ন। তিনি ও তাঁর ঘনিষ্ঠদের ঠিকানায় এর আগে সিবিআই তল্লাশি চালালেও এই প্রথম অভিযানে ইডি। শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় সাতসকালে ফের ইডির অভিযান। 'মিডলম্যান' প্রসন্ন রায়ের একাধিক বাড়ি ও অফিস-সহ মোট ৭ জায়াগায় হানা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা।

বিস্তারিত শহরের পাতায়

শীতের শহরে শুরু হল ৪৭তম মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কলকাতা আন্তর্জাতিক বইমেলা সময়সূচিতে পরিবর্তন

নিজস্ব প্রতিবেদন: শুরু হয়ে গেল ৪৭তম কলকাতা বইমেলা। বহস্পতিবার বিকেল ৪টে নাগাদ ৪৭তম কলকাতা আন্তর্জাতিক বইমেলার উদ্বোধন অনুষ্ঠান শুরু হয় সেন্ট্রাল পার্কের বইমেলা প্রাঙ্গণে। অনষ্ঠানের প্রধান অতিথি ছিলেন মুখ্যমন্ত্রী। ঘণ্টা বাজিয়ে বইমেলার উদ্বোধন করেন তিনি। বিভিন্ন বইয়ের স্টল ঘুরে দেখেন মমতা। বিক্রেতাদের সঙ্গে কথা বলেন। বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে ছিলেন ব্রিটিশ হাই কমিশনার অ্যালেক্স ইলিস সিএমজি, ব্রিটিশ কাউন্সিল অফ ইন্ডিয়ার ডিরেক্টর অ্যালিসন ব্যারেট এমবিই এবং সাহিত্যিক বাণী বসু। তাঁকে রমাপ্রসাদ গোয়েক্ষা সিইএসসি সৃষ্টি সম্মান প্রদান করা হয়েছে।

বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা হয় রাজ্যসঙ্গীত গেয়ে। আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত বইমেলা চলবে। থিমের দেশকে সামনে রেখে ১৯ জানুয়ারি বইমেলায় 'ব্রিটেন ডে' পালিত হবে। এ ছাড়াও বিভিন্ন দিনে বিশেষ অনুষ্ঠানের ব্যবস্থা রয়েছে। ২০ জানুয়ারি বইমেলায় পালিত হবে 'বাংলাদেশ দিবস'। বইমেলা প্রাঙ্গণে শিশুদের জন্য উদ্যাপিত হবে ২১ জানুয়ারি দিনটি। ওই দিনের নাম দেওয়া হয়েছে 'শিশু দিবস'। শিশুদের জন্য বিশেষ অনুষ্ঠানের ব্যবস্থা থাকবে সে দিন। আগামী ২৪ জানুয়ারি প্রবীণ নাগরিকদের জন্য বিশেষ দিন। বইমেলায় ওই দিন পালিত হবে 'সিনিয়র সিটিজেন ডে'।

বইমেলায় এ বারের থিম ব্রিটেন। এই নিয়ে চতুর্থ বার ব্রিটেনের থিমে কলকাতা বইমেলার আয়োজন করা হল। বইমেলা প্রসঙ্গে বলতে গিয়ে মমতা তাঁর লন্ডনযাত্রার অভিজ্ঞতার কথা তুলে ধরেন। বলেন, 'আমি লন্ডনের প্রতিটি রাস্তা চিনি। ওখানে গিয়ে আমি কখনও গাড়িতে ঘুরি না। পায়ে হেঁটে ঘুরি। লন্ডন আমাদেরও শহর। ব্রিটিশ ভারতে ইংরেজদের উন্নয়নমূলক কাজ এবং তাঁদের তৈরি উৎকৃষ্ট স্থাপত্য, ভাস্কর্যের প্রশংসাও করেন মমতা।

উপস্থিত ছিলেন। আমেরিকা, ফ্রান্স, বাংলাদেশ, মতো দেশের নাম উল্লেখ করে তাঁদের করেন।



বইমেলায় নিজের ১৫০টি বই প্রকাশ করতে চান মমতা

নিজস্ব প্রতিবেদন: বইমেলায় নিজের দেড়শোটি বই প্রকাশ করতে চান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আগামী বছরের মধ্যে সেই লক্ষ্য পূরণ করতে পারবেন, বৃহস্পতিবার বইমেলার উদ্বোধন অনুষ্ঠান থেকে তেমনটাই জানিয়েছেন মুখ্যমন্ত্রী। এ বছর তাঁর ক'টি বই প্রকাশিত হয়েছে, দেড়শোর গণ্ডি ছুঁতে আর ক'টি বই বাকি, তা-ও জানিয়েছেন। বইমেলার উদ্বোধনী অনুষ্ঠান থেকে মমতা জানান, আগামী বছরের মধ্যে তিনি নিজের ১৫০টি বইয়ের গণ্ডি ছুঁয়ে ফেলবেন। ভাষণ দেওয়ার সময়ে মঞ্চে উপস্থিত তাঁর সহকারীদের কাছ থেকে জানতে চান, আগের বার পর্যন্ত বইমেলায় তাঁর মোট প্রকাশিত বইয়ের সংখ্যা কত। জেনে বলেন, 'আগের বার ১৩৬টা বই ছিল। এ বার ১৪৩টা হয়েছে। পরের বার আর সাতটা করে দেব, ১৫০ হয়ে যাবে।' মুখ্যমন্ত্রীর এই হিসাব অনুযায়ী, এ বছরও তাঁর সাতটি বই বইমেলায় প্রকাশিত হয়েছে। মমতা এ-ও জানিয়েছেন, তাঁর লেখা বই প্রথম প্রকাশিত হয় ১৯৯৫ সালে। সেই সময় থেকেই তিনি বইমেলা এবং বই প্রকাশের সঙ্গে যুক্ত আছেন।

এ বছর বইমেলায় ২০টি দেশ অংশগ্রহণ জার্মানি, ইতালি, স্পেন, রাশিয়া, তাইল্যান্ড, প্রতিনিধিদের অভিনন্দন জানান মুখ্যমন্ত্রী। করেছে। তাঁদের প্রতিনিধিরাও উদ্বোধন অনুষ্ঠানে ্পেরু, আর্জেন্টিনা, কলম্বিয়া, মেক্সিকো, কিউবার - কলকাতা বইমেলাকে 'বিশ্বমেলা' বলে অভিহিত

নিজস্ব প্রতিবেদন: মাত্র কিছুদিনের অপেক্ষা। তারপরেই শুরু হবে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষা। সেই পরীক্ষার আগেই সময়সূচি পরিবর্তন করল মধ্যশিক্ষা পর্যদ। বৃহস্পতিবার পর্যদের তরফে জানান হয়েছে, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষা বেলা ১২টার পরিবর্তে সকাল ৯টা ৪৫ মিনিট থেকে শুরু হবে। চলতি বছর ১৬ ফেব্রুয়ারি থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হবে। চলবে আগামী ২৯ ফেব্রুয়ারি পর্যন্ত। অন্যদিকে, ২০২৪ সালে মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২ রা ফেব্রুয়ারি। চলবে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত।

চলতি বছর মাধ্যমিক পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল সকাল ১১.৪৫ মিনিট থেকে। এবার সেই সময় বদলে পরীক্ষা শুরু হবে সকাল ৯.৪৫ পরীক্ষা চলতি বছর শুরু হওয়ার কথা হবে পরীক্ষা। তবে পরীক্ষার দিনক্ষণের কোন পরিবর্তন হয়নি।

আগামী ২ ফেব্রুয়ারি থেকে শুরু

ফেব্রুয়ারি পর্যন্ত পরীক্ষা চলবে। সময়সূচির কথা জানানো হয়েছে। এতদিন পর্যন্ত মাধ্যমিক পরীক্ষা শুরু হত সকাল ১১টা ৪৫ মিনিটে, শেষ হত দুপুর ৩টেয়। প্রথম ১৫ মিনিট প্রশ্নপত্র পড়ে দেখার জন্য সময় ৪৫ মিনিটে পরীক্ষা শুরু হবে। চলবে মধ্যশিক্ষা পর্যদ। বৃহস্পতিবার দেওয়া হয় পড়ুয়াদের। এবার পরীক্ষা দুপুর ১টা পর্যন্ত। শুরু হবে ৯ টা ৪৫ মিনিটে, শেষ হবে ফেব্রুয়ারি ভৌত বিজ্ঞান ও ১২ শেষ হবে বেলা ১১টা ৪৫ মিনিটে। পর্যন্ত জানা যায়নি।



ফেব্রুয়ারি ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা

এ বছরই বদলে যাচ্ছে উচ্চ পর্যন্ত পরীক্ষা শুরু হত দুপুর ১২টায়, ৪৫ মিনিটে শুরু হবে পরীক্ষা।

উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের পরিবর্তিত সূচি অনুযায়ী, দুপুর ১২টার অনেক আগেই শুরু হয়ে যাবে পরীক্ষা। প্রতিদিন সকাল ৯ টা আলোচনা করে এই সিদ্ধান্ত নিয়েছে

ভোকেশনাল দুপুর ১টায়। ২ ফেব্রুয়ারি প্রথম ভাষা, ভিজুয়াল আর্ট, সঙ্গীত, স্বাস্থ্য ও শারীর ০ ফেব্রুয়ারি দ্বিতীয় ভাষা, ৫ শিক্ষার মতো বিষয়গুলির পরীক্ষার ফেব্রুয়ারি ইতিহাস, ৬ ফেব্রুয়ারি সময়ও এগিয়ে আনা হয়েছে। এই শিক্ষার পরীক্ষা গুলিও নতুন সময়েই ভূগোল, ৮ ফেব্রুয়ারি অঙ্ক, ৯ পরীক্ষাগুলিও শুরু হবে সকাল ৯টা শুরু হবে। তবেপরীক্ষার আগে কি ফেব্রুয়ারি জীবন বিজ্ঞান, ১০ ৪৫ মিনিট থেকে। ২ ঘণ্টার পরীক্ষা কারণে এই সময়বদল হল তা এখনও

কী কারণে এই পরিবর্তন আনা হল, সেই বিষয়ে এখনও পর্যন্ত উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের তরফে মিনিটে। অন্যদিকে, উচ্চমাধ্যমিক মাধ্যমিক পরীক্ষার সময়ও। এতদিন সরকারিভাবে কোনও বিবৃতি পাওয়া যায়নি। তবে সংসদ সূত্র মারফত ছিল বেলা ১২ টা থেকে। সেই সময় শেষ হত দুপুর ৩টে ১৫ মিনিটে। জানা যাচ্ছে, পরীক্ষার্থীদের সুবিধার বদলে সকাল ৯.৪৫ মিনিট থেকে শুরু তবে সেই সময়সূচিতে বদল আনা কারণেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হয়েছে। নয়া ঘোষণা অনুযায়ী, ৯টা উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের এই সিদ্ধান্তের পর মিশ্র প্রতিক্রিয়া আসতে শুরু করেছে শিক্ষা মহল হচ্ছে এবারের মাধ্যমিক পরীক্ষা। ১২ থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে নতুন থেকে। একাংশ এই সিদ্ধান্তকে স্বাগত জানালেও, সমালোচনাও করতে ছাড়ছে না অপর একাংশ।

> জানা গিয়েছে, নবান্নের সঙ্গে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ সভাপতি সাবজেক্ট্র, চিরঞ্জীব ভট্টাচার্য এই সময়বদলের কথা ঘোষণা করেন। ভোকেশনাল. ভিজুয়াল আর্ট, সঙ্গীত, স্বাস্থ্য ও শারীর

সাফাইকর্মীদের




নিজস্ব প্রতিবেদন: প্রবল শীতে তাঁর নিজের কোনও পরিবার নেই। তিনি তুলে দেন কম্বল।

পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে। মমতা এ কথা প্রায়ই বলেন, সিদ্ধান্ত নেন তিনি।

জবুথবু বাংলা। কিন্তু সাফাইকর্মীদের মানুষের পরিবারই তাঁর পরিবার। ঘরে থাকার জো নেই। এর মধ্যেও যে কোনও মন্দিরে পুজো দিতে জলে হাত ভিজিয়ে কাজ করতে হয় গেলে তাঁর গোত্র জিজ্ঞেস করলে তাঁদের। সেই সাফাইকর্মীদের মমতা জবাব দেন, 'মা, মাটি, জীবনযাপন তাঁকে ভাবায় বলে মানুষ'। কম্বল বিতরণের ফেসবুক সমাজমাধ্যমে জানিয়েছেন মুখ্যমন্ত্রী পোস্টেও মানুষের প্রতি দায়বদ্ধতার মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার কথা উল্লেখ করেছেন মমতা। তিনি কালীঘাটের বাড়ি থেকে নবান্নে লিখেছেন, 'জনসেবা করার জন্যই যাওয়ার পথে সাফাইকর্মীদের হাতে নিজের গোটা জীবন সঁপে দিয়েছি গণদেবতার স্বার্থে। তাঁরা ভাল মুখ্যমন্ত্রী তাঁর ফেসবুকের থাকলেই আমার ভাল থাকা।' পাতায় লিখেছেন, 'নিজের প্রসঙ্গত, সরকার এবং সরকার সাধ্যমতো সর্বদা সকল মানুষের পোষিত স্কুলে যে রাজ্যের তরফে পাশে থাকতে আমি বদ্ধপরিকর। পড়ুয়াদের জ্বতো দেওয়া হয়, তা-ও আমার রাজ্যের যে কোনও প্রান্তে, এই মানবিক দৃষ্টিভঙ্গি থেকে নেওয়া यिन এक জन मानुष्ठ पुःर्थ-करिष्ठ वर्लरे नवारम् अरनरकत वक्नवा। থাকেন, তা হলেও তা আমার কাছে মুখ্যমন্ত্রী জেলা সফরের সময়ে সমান বেদনাদায়ক।' মমতা এ-ও দেখেছিলেন, ছোট ছোট জানিয়েছেন, সাফাইকর্মীদের জন্যই ছেলেমেয়েরা খালি পায়ে স্কুলে শহর কলকাতা এবং গোটা রাজ্য যাচ্ছে। তার পরেই সরকারের পক্ষ থেকে তাজের জুতো দেওয়ার

সঙ্গে সারাদিনই চললো হালকা বৃষ্টি



পূর্বাভাসই সত্যি হল। সকাল জেলাতেও। ভার। কলকাতার পাশাপাশি একাধিক জেলায় সকাল থেকেই সেলসিয়াসের সেলসিয়াসের আশপাশে। হালকা যে বৃষ্টি চলছে তা এখনই থামবে না কলকাতা ও বলে জানাচ্ছে হাওয়া অফিস। এলাকাগুলিতে

রাতেও চলে বৃষ্টি। পূর্ব মেদিনীপুর। বৃষ্টির পূর্বাভাস ৭১ থেকে ৯১ শতাংশের মধ্যে।

নিজস্ব প্রতিবেদন: হাওয়া অফিসের রয়েছে উত্তরবঙ্গের একাধিক দার্জিলিং থেকেই বাংলার আকাশের মুখ কালিম্পংয়েও রয়েছে বৃষ্টির পূৰ্বাভাস।

দার্জিলিংয়ে বৃষ্টির পূর্বাভাসের চলে ঝিরিঝিরি বৃষ্টি। দক্ষিণ থেকে সঙ্গে থাকছে তুষারপাতের সম্ভাবনা। উত্তর, বৃষ্টিভেজা শহর যেন লন্ডন। দক্ষিণের মেঘলা আকাশ সরে গিয়ে কলকাতায় সর্বোচ্চ তাপমাত্রা দ্রুত রোদ উঠলেও উত্তরবঙ্গের ঘোরাফেরা করছে ২০ ডিগ্রি ঝিরঝিরি বৃষ্টি এখনই কমবে না বলে আশপাশে। জানাচ্ছে মৌসম ভবন। আগামী একইসঙ্গে সর্বনিন্ন তাপমাত্রা ২০, ২১ ও ২২ তারিখ দার্জিলিংয়ে ঘোরাফেরা করছে ১৬ ডিগ্রি রয়েছে বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। হতে পারে তৃষারপাতও।

আশপাশের দ্-একদিনের মধ্যে বৃষ্টি ধরে এলেও এদিন রাত থেকে দক্ষিণ ২৪ ২৪ তারিখ কিন্তু দুই মেদিনীপুর, পরগনা, দুই মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনায় বিক্ষিপ্তভাবে ঝাড়গ্রাম-সহ রাজ্যের একাধিক বৃষ্টির পূর্বাভাস রয়েছে। একইসঙ্গে প্রান্তে বৃষ্টির সম্ভাবনা থাকছে। চলবে কুয়াশার দাপট। এদিন এছাড়াও পশ্চিমের পুরুলিয়া, সকালে কলকাতার সর্বনিম্ন বাঁকুড়ার পাশাপাশি কলকাতা তাপমাত্রা ছিল ১৬.৩ ডিগ্রি পার্শ্ববর্তী হাওড়া, পূর্ব বর্ধমান, সেলসিয়াস। বুধবার সর্বোচ্চ হুগলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টির তাপমাত্রা ছিল ২০.৩ ডিগ্রি সম্ভাবনা থাকছে। শুক্রবার বৃষ্টিতে সেলসিয়াস।বাতাসে জলীয় বাম্পের ভাসতে পারে দক্ষিণ ২৪ পরগনা, সর্বোচ্চ পরিমাণ ঘোরাফেরা করছে

প্রবল ঠান্ডায় জবুথবু বাংলা হাড় কাঁপানো ঠান্ডার রামমন্দির উদ্বোধনের দিন অর্ধ দিবস ছুটি ঘোষণা করল কেন্দ্র

নয়াদিল্লি, ১৮ জানুয়ারি: আগামী ২২ জানুয়ারি রাম মন্দিরের উদ্বোধন। দেশ-বিদেশের কয়েক হাজার অতিথির উপস্থিতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিগ্রহের প্রাণ প্রতিষ্ঠা করবেন। স্বাভাবিকভাবেই এই অনুষ্ঠানকে কেন্দ্র করে গোটা দেশে উন্মাদনা তুঙ্গে। অযোধ্যা থেকে সরাসরি সেই অনুষ্ঠান টিভি চ্যানেল-সহ বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে সরাসরি সম্প্রচার করা হবে। জনগণের উন্মাদনার কথা বিবেচনা করে এবার বড় ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। আগামী ২২ জানুয়ারি কেন্দ্রীয় সরকারের সমস্ত অফিসে অর্ধদিবস ছুটি থাকবে। কেন্দ্ৰীয় মন্ত্ৰী জিতেন্দ্ৰ সিং ২২ জানুয়ারি কেন্দ্রীয় সরকারের সমস্ত অফিসে হাফ ডে ছুটির ঘোষণা

জারি করেছে কেন্দ্র। সেখানে বলা সেই আবেগের কথা ভেবেই এই অযোধ্যা-সহ গোটা উত্তর প্রদেশে হয়েছে, ২২ জানুয়ারি সমস্ত কেন্দ্রীয় সিদ্ধান্ত। এর পর কেন্দ্র ওইদিন সমস্ত স্কুল, সরকারি অফিসে ছুটি সরকারি অফিস, কেন্দ্রীয় প্রতিষ্ঠান অর্ধদিবস ছুটি ঘোষণা করায় কর্মীরা ঘোষণা করেছিল। আবার ইন্ডিয়া বার এবং কেন্দ্রীয় সরকারি শিল্প প্রতিষ্ঠান আরও খুশি। রাম মন্দির ট্রাস্ট সূত্রে কাউন্সিলের চেয়ারম্যান মানান কুমার দুপুর আড়াইটে পর্যন্ত বন্ধ থাকবে। জানানো হয়েছে, রাম মন্দিরের মিশ্র ২২ জানুয়ারি ছটি মঞ্জর করার তবে শুধু কেন্দ্রীয় সরকারই নয়, উদ্বোধন ও বিগ্রহের প্রাণ প্রতিষ্ঠার জন্য প্রধান বিচারপতি ডিওয়াই একাধিক বিজেপিশাসিত রাজ্যও অনুষ্ঠান ১৬ জানুয়ারি থেকেই শুরু চন্দ্রচূড়কে চিঠি দিয়েছেন। যদিও রামমন্দিরের 'প্রাণপ্রতিষ্ঠা' উপলক্ষে হয়ে গিয়েছে। তবে মূল অনুষ্ঠান হবে এখনও সেই চিঠির জবাব মেলেনি। ছুটি ঘোষণা করেছে।

করেছিল। পাশাপাশি রাজস্থান, অফিস, কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠান এবং ঘোষণা করেছে।



অসম, ছত্তিশগড়, উত্তরাখণ্ডের মতো কেন্দ্রীয় শিল্প প্রতিষ্ঠানে হাফ ডে ছুটি বিজেপি শাসিত রাজ্যও একই পথে থাকবে বলে সরকারি নির্দেশিকায় হেঁটে ছুটি দিয়েছিল। রামমন্দিরে উল্লেখ করা হয়েছে। রাম মন্দিরের রামলালার প্রাণপ্রতিষ্ঠার শুভ মুহূর্তের উদ্বোধন উপলক্ষে যোগী অর্ধদিবস ছটির বিষয়ে বিজ্ঞপ্তি সকলে যাতে সাক্ষী থাকতে পারেন, আদিত্যনাথের সরকার আগেই আগামী ২২ জানুয়ারি। সেদিন নির্দিষ্ট তবে রাম মন্দিরের উদ্বোধন উপলক্ষে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সমস্ত তিথি মেনে দুপুর সাড়ে ১২টায় ২২ জানুয়ারি উত্তর প্রদেশ-সহ কেন্দ্রীয় সরকারি অফিস, সুপ্রিম কোর্ট, বিগ্রহের প্রাণ প্রতিষ্ঠার পুজো-অর্চনা বিজেপি শাসিত বিভিন্ন রাজ্যেও মদ বিভিন্ন হাইকোর্ট, বিভিন্ন মন্ত্রকে শুরু হবে এবং চলবে দুপুর আড়াইটে কেনা-বেচায় নিষেধাজ্ঞা ঘোষণা করা অর্ধদিবস ছুটি। এর আগে উত্তরপ্রদেশ পর্যন্ত। তাই এই অনুষ্ঠান উদযাপন হয়েছে। যোগী সরকার সেদিন রাজ্যে ওই দিন পূর্ণদিবস ছুটি ঘোষণা করতে সেদিন সমস্ত কেন্দ্রীয় সরকারি মাছ, মাংস ও মদে ও নিষেধাজ্ঞা

স্কুটারে চেপে গুরুদ্বারে চাদর চড়াবেন মমতা

রামমন্দির উদ্বোধনের দিন কলকাতায় গুরুত্বপূর্ণ দিন। সংহতি মিছিল করবেন তৃণমূলনেত্রী

খবর, মিছিল ছাড়াও সর্বধর্ম সমন্বয়ের ওইদিন দুপুর ৩টে নাগাদ হাজরা ইমাম-মোয়াজ্জেমরাও। আরও কিছু কর্মকাণ্ড করবেন মমতা। নেতৃত্বে থাকবেন মমতা নিজে। সেই চাদর চড়াবেন মমতা।

নিজস্ব প্রতিবেদন: সোমবার আগামী ২২ জানুয়ারি দেশের এক মিছিলের রুট ঠিক হয়ে গিয়েছে। সূত্রের ওইদিন অযোধ্যায় রামলালার মন্দির-গুরুদ্বার-গির্জা-মসজিদে মমতা বন্দ্যোপাধ্যায়। সে মিছিল প্রাণপ্রতিষ্ঠা অনুষ্ঠান। আর কলকাতায় প্রার্থনা জানিয়ে সর্বধর্ম সমন্বয়ের বার্তা হাজরা থেকে শুরু হয়ে শেষ হবে ওইদিন সংহতি মিছিল করবেন দেবেন তৃণমূল সুপ্রিমো। মিছিলে পার্ক সার্কাস ময়দানে। তৃণমূল সূত্রের তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। শামিল হবেন পুরোহিত, বার্তা দিতে মিছিলের ফাঁকে ফাঁকেই থেকে পার্কসার্কাস পর্যন্ত মিছিল হবে। গিয়েছে, স্কুটারে চেপে গুরুদ্বারে



শ্রেণিবদ্ধ

বিজ্ঞাপন

নাম-পদবী

১৭/০১/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ৩৭৯ নং এফিডেভিট বলে Surojit Majhi S/o. Meghnath Majhi & Surajit Majhi S/o. Lt. M. Majhi সর্বত্র একই ব্যক্তি বলিয়া পবিচিত হইয়াছি।

গত ২৮/১২/২৩ S.D.E.M. শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৯০২০ নং এফিডেভিট বলে Md. Sajahan S/o. Saidul Islam ³ Sk Sajahan S/o. Sk Saidul সর্বত্র একই ব্যক্তি বলিয়া পবিচিত হইয়াছি।

নাম-পদবী

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১



আজকের দিনটি কেমন যাবে?

আজ ১৯ শে জানুয়ারি। ৪ ঠা মাঘ। শুক্র বার। নবমী তিথি। জন্মে মেষ রাশি অস্টোত্তরী শুক্রর মহাদশা। বিংশোত্তরী কেতু র মহাদশা কাল। মৃতে দোষ

মেষ রাশি: আজ একটু সতর্ক হয়ে চলতে হবে। বন্ধবেশে ছলনাময় শত্রুকে চিনে নিতে পারবেন। যে কাজটা আটকে ছিল আজ তা হয়ে পড়তে পারে। সম্মান প্রাপ্তির দিন। যারা ইলেকট্রিক্যাল মেকানিক্যাল কাজে আছেন তাদের নতুন যোগাযোগের দ্বারা শান্তির বাতাবরণ। বাণিজ্য করেন যারা তাদের অর্থ প্রাপ্তি। বেতনভোগ কর্মচারীদের সুযোগ বৃদ্ধি। ছাত্র-ছাত্রীদের নতুন সুযোগ আসবে. কর্মের চেষ্টা যারা করছেন আজ অতীব শুভ তাদের জন্য। বাড়ির গৃহ মন্দিরে তিনটি প্রদীপ জেলে লাল বস্ত্র দ্বারা আরতি করুণ নিশ্চয়ই শুভ হবে। বৃষ রাশি: যারা সাংবাদিকতা করেন, লেখালেখি করেন ,মিডিয়াতে কাজ করেন, তাদের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আজকে একটি বিরোধ চলবে। বিবাদ বিতর্ক হবে। বাড়ির নারীর সাথে গৃহ বিবাদ চরমে পৌঁছুবে। প্রবীণ নাগরিকের বুদ্ধির দ্বারা সমস্যার সমাধানের সম্ভাবনা আছে। বিদ্যার্থীদের অশুভ। সন্তানের কারণে মানসিকভাবে দুশ্চিন্তা। বাড়ির গৃহ মন্দিরে তিনটি প্রদীপ জ্বেলে, নারিকেল দ্বারা আরতী করুন শুভ হবে।

মিথুন রাশি : আজ গ্রহ সংস্থান আপনার শুভ হবে। বাড়ির পরিবেশে শাস্তি থাকবে। তৃতীয় ব্যক্তি যাকে ভরসা করে অনেকটা এগিয়েছিলেন আজ তিনি পূর্ণ সহযোগিতা প্রদান করবেন। বেতন ভোগী কর্মচারীদের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ সহযোগিতায় নতুন পথের সন্ধান মিলবে, বিদ্যার্থীদের জন্য শুভ। যারা মিডিয়াতে কাজ করেন লেখালেখি করেন, সাংবাদিকতা করেন, তাদের জন্য আজ শুভ দিন। প্রভাবশালী কোন মানুষের সহযোগিতায় আটকে থাকা কাজ হয়ে পড়বে। বাড়ির গৃহ মন্দিরে তিনটি প্রদীপ জেলে আরত করুন শুভ হবে। কর্কট রাশি: বিবাহের বিষয়ে যে কথা আটকে ছিল, আজ হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। তৃতীয় ব্যক্তি দ্বারা সম্পর্কে গুপ্ত শত্রুতা। আজ কেউ বান্ধব বলে সম্মানিত করবেন। ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি। যারা শিক্ষকতা করেন, বিদ্যালয়ে যারা উপদেষ্টামূলক কাজে থাকেন, তাদের সম্মান প্রাপ্তির দিন। আইনি বিষয়ে যে জটিলতা ছিল আজ আপনার পক্ষে রায় যাবে বাড়ির গৃহ মন্দিরে, সাতটি প্রদীপ জ্বেলে তিনটি নারিকেলসহ দেব দেবীর পূজা করুন নিশ্চয়ই শুভ হবে।

সিংহ রাশি : বিদ্যার্থীদের জন্য অতীব শুভ। উচ্চ বিদ্যা যোগে গবেষণামূলক কাজ যারা করছেন, তাদের জন্য শুভযোগ। বিদেশ ভ্রমণ করবেন ? করুন। শুভ গ্রহ যোগ। বাড়ির গৃহ মন্দিরে সাতটি প্রদীপ জ্বেলে, ভগবান শ্রী বিষ্ণুর উদ্দেশ্যে আরতী করুন নিশ্চয়ই শুভ হবে বিবাহের বিষয়ে কথা পাকা হওয়ার সম্ভাবনা। কোন নিমন্ত্রণ অনুষ্ঠানে গিয়ে সম্মান প্রাপ্তির দিন।

কন্যা রাশি :যারা খাদ্যদ্রব্যের ব্যবসা করেন তাদের সতর্ক থাকতে হবে। যারা গাড়ি যানবাহন বিষয়ে ব্যবসা করেন, তাদের সতর্ক থাকার দিন। যারা পরামর্শদাতা রূপে কাজ করেন, তাদেরও সতর্ক থাকতে হবে। অন্যের অর্থনৈতিক চুক্তিতে আপনি সই করবেন না। আইন আপনার বিরুদ্ধে হতে পারে। বাড়ির প্রবীণ নাগরিকের শারীরিক কষ্ট বৃদ্ধি হবে। সতর্ক থেকে চিকিৎসকের শরণাপন্ন হওয়া শুভ। গৃহ মন্দিরে যে কোন নতন পাঁচটি ফল দিয়ে, দেবদেবীর উদ্দেশ্যে আরতি করুন, ভোগ প্রদান করুন। শুভ হবে।

তুলা রাশি : পরিবারে স্বজন বান্ধবসহ ছোট ভ্রমণ হবে। প্রেমে সফলতা প্রাপ্তি। পিতা-মাতার সমর্থন ছিল না যে বিষয়ে, আজ সেই বিষয়ে তারা সমর্থন দিতে পারেন। প্রবীণ নাগরিক, ব্যাংক ইন্সুরেন্স থেকে কিছু প্রাপ্তি। ব্যবসা বাণিজ্য বৃদ্ধি সম্ভব। বাডির গৃহ মন্দিরে তিনটি প্রদীপ জেলে আতপ চালসহ ভোগ নিবেদন করুন শুভ হবে। শ্বশুরবাড়ির প্রবীণ সদস্য দ্বারা বাস্তু গৃহ ভূমি বিষয় শুভত্ব বৃদ্ধি হবে। ধৈর্য ধরলে অর্থপ্রাপ্তি নিশ্চিত।

বৃশ্চিক রাশি: যারা ইঞ্জিনিয়ারিং পড়াশোনা করেন, তাদের শুভ সৌভাগ্য যোগ। যারা বেতনভোগী কর্ম করেন, তাদের শুভ সৌভাগ্য যোগ। যারা প্রশাসনিক কর্মে আছেন তাদের সম্মান প্রাপ্তির যোগ। বিবাহের প্রচেষ্টা করছিলেন কিন্তু সময় শুভ ছিলনা আজ শুভ হবে। প্রবীণ নাগরিকের সাথে ভ্রমণ হওয়ার সম্ভাবনা। বাড়ির গৃহ মন্দিরে পাঁচটি প্রদীপ জ্বালুন এবং পঞ্চ ফল নিবেদন করুন বাবা বিশ্বনাথের চরণে, নিশ্চয়ই শুভ হবে।

ধনু রাশি: যারা যানবাহনের ব্যবসা করেন তাদের নতুন যোগাযোগের পথ তৈরি হবে। ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং যারা করেন তাদের শুভ যোগাযোগ। নিশ্চয়ই পশুপালন পশু খামারের সঙ্গে যারা জডিত, তাদের অর্থপ্রাপ্তি নিশ্চিত। গুপ্ত শত্রুর ষডযন্ত্র ছিল। আজ তার সমাধান হয়ে পডবে। বাড়ির প্রবীণ নাগরিকের চিকিৎসার পর তিনি বাড়ি ফিরে আসার সম্ভাবনা বাড়ির গৃহ মন্দিরে ভগবান বিষ্ণুর চরণে পঞ্চ প্রদীপ দিয়ে আরতি করুন নিশ্চয়ই

মকর রাশি : আজকের দিনটি ধৈর্য ধরতে হবে। কথা বললেই বিবাদ বিতর্ক তৈরি হবে। সকালবেলায় দোকান করা, বাজার করা, নিয়ে অশাস্তির বাতাবরণ বাড়িতে পুরাতন বন্ধুর ফোনে অশাস্তি বৃদ্ধি হবে, অপরিচিত ফোন, না ধরা শুভ। যে ছলনাময়ী নারী আপনার পাশে ছিল আজ তিনি স্বরূপ ধারণ করতে পারেন। বিশ্বাসের আগে পরীক্ষা করে দেখে নিন, তিনি আপনার আপনজন কিনা। বাড়ির গৃহ মন্দিরে প্রদীপ জ্বালান, ঘন্টা বাদ্য বাজিয়ে, দেব দেবীর পূজা করুন। কীর্তন আরতি করুন সমস্ত বিপদ নাশ হবে।

কুম্ভ রাশি: আজ অত্যান্ত সতর্ক থাকার দিন। ধৈর্য না ধরলে শান্ত না হলে বিবাদ বিতর্ক দ্বারা সম্মানহানি যোগ। কর্মে দুশ্চিস্তা। যারা বেতনভোগী কর্মচারী তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে তাল মিলিয়ে চলতে হবে। নইলে অশাস্তি করা পরিবেশ তৈরি হবে। বিদ্যার্থীদের জন্য বাধা প্রাপ্ত দিন। প্রেমিক যুগল ধৈর্য ধরতে হবে। গৃহবধূদের মন মানসিকতা কস্টদায়ক থাকবে। বাড়ির অসুস্থ রোগীর কারণে ধৈর্যহানি ঘটতে পারে। বাড়ির গৃহ মন্দিরে কর্পূর দ্বারা অরতি করুন নিশ্চয়ই শুভ হবে।

মীন রাশি : যারা কর্মের আবেদন করছিলেন তাদের জন্য শুভ দিন। প্রেমের জন্য আজ শুভ। পরিবারের বয়স্ক অভিভাবকরা আজ আপনাকে সমর্থন দিতে পারে। ভ্রমণে শুভ। যারা তরল পদার্থ। জল। মাছের ব্যবসা করেন তাদের জন্য শুভ। হারিয়ে যাওয়া কিছু আবার ফেরত আসতে পারে। আজ ধৈর্য ধরে অন্যের কথাকে মান্যতা দিলে, নিশ্চয়ই শুভ ফল পাবেন। বাডির গৃহ মন্দিরে সাতটি প্রদীপ জ্বেলে নারিকেলসহ সর্ব দেব দেবীর উদ্দেশ্যে সচন্দন আরতী করুন

(বঙ্গীয় তন্তুবায় সম্প্রদায়ের বিশ্বকর্মা পুজো।)

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

নাম-পদবী

গত ১৮/০১/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ৪২৯ নং এফিডেভিট বলে Bibhas Basu S/o. Gokul Basu & Bibhash Ch Basu S/o. Late G.Ch. Basu সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

আমি Debkumar Pal S/O. Late Madhusudan Pal, R/O. 338(13/2) G.T Road, Chatra Bowbazar, P.O.- Chatra, P.S. Serampore, Dist- Hooghly, Pin-712204. গত ১৭-০১-২০২৪ তারিখে Serampore Court of Ld. 1st Class Judicial Magistrate Court থেকে Affidavit (576) যার এই প্রমান করছি যে আমার নাম Debkumar Pal আর Deb Kumar Pal এবং আমার বাবার নাম Madhusudan Pal আর N.S. Pal দুই জন একই ব্যক্তি।

নোটশ

এ্যাসোসিয়েশন তেহট্ট আদালত শাখার পক্ষ থেকে জানানো যাচ্ছে গত ২৮.০৭.২০২৩ তারিখ সাধারণ সভায় সর্বসম্মত প্রস্তাব অনুসারে বিগত পাঁচ বছর ও তার বেশি সময় শিক্ষানবিশ হিসেবে কর্মরত নিম্নে ১৫ জন সদস্যের নতুন লাইসেন্স দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। যেমন ১) প্রদীপ সিংহ রায়, ২) অলিম দফাদার, ৩) তরুণ হালদার, ৪) কবির আহমেদ মন্ডল, ৫) চঞ্চল চ্যাটার্জি, ৬) আরিফ হোসেন মন্ডল, ৭) সম্ভ দে, ৮) সুমন মন্ডল, ৯) সুরোজ বিশ্বাস, ১০) উজ্জল শীল, ১১) মিলন হালদার, ১২) অভিজিৎ মন্ডল, ১৩) অছিবদ্দিন মন্ডল, ১৪) সুজন বিশ্বাস, ১৫) জয়স্ত রায়। ইহাতে কাহারো কোন আপত্তি থাকলে এই বিজ্ঞাপন প্রকাশের ৩০ দিন মধ্যে আইন আমূলে আসবেন। সম্পাদক, পশ্চিমবঙ্গ লক্লার্ক অ্যাসোসিয়েশন, তেহট্ট আদালত শাখা।

বিজ্ঞপ্তি

মোকাম রাণাঘাটের প্রথম সিভিল জজ (জুনিঃ ডিভিঃ) আদালত, নদীয়া

<u> টি.এস - ৫২ / ২০২২</u> বাদীনী- সুমিতা দাস বনাম- বিবাদীঃ (১) পম্পা চন্দ, স্বামী- দেবু চন্দ, (২) সঞ্জয় কুমার বল, এ্যাডভোকেট রাণাঘাট আদালত, (৩) তাপস ঘোষ পিতা- হৃদয় ঘোষ।

এতদ্বারা সকল জনসাধারণকে জ্ঞাত করা যাইতেছে এই যে, উপরোক্ত বাদিনী উপরোক্ত আদালতে উপরোক্ত বিবাদীগণসহ মোঃ বিবাদী এ.ডি.এস.আর., রাণাঘাট-১ ও বি.এল. এ্যান্ড এল.আর.ও., রাণাঘাট -১ কে শক্ষ করিয়া নিমু তপশীল বর্ণিত 'এ[°] তপশীলের অধীন 'বি' তপশীল সম্পত্তির দলিল ভয়েড এ্যাবিনিসিও নন-এস্ট এবং ইনজাংশান বাবদ মোকর্দমা আনয়ন করিয়া সকল বিবাদীগণের উপরে আদালত কর্তৃক সমনাদি প্রেরণ করিলেও ৩ নম্বর বিবাদী তাপস ঘোষ পিতা- হৃদয় ঘোষ, সাং-কলাবাগান হবিবপুর, পোঃ হবিবপুর, থানা-রাণাঘাঁট, জেলা- নদীয়া, পিন-৭৪১২০১ দলিলের উল্লেখিত ঠিকানায় সমনাদি প্রেরণ করিলে জারী না হওয়ায় অত্র বিজ্ঞপ্তি প্রকাশ মাধ্যমে জারী করিবার জন্য জ্ঞাত করা হইল। বিজ্ঞপ্তি প্রকাশের দিন হইতে ৩০ (ত্রিশ) দিন মধ্যে উপরি লিখিত ৩ নম্বর বিবাদী আদালতে হাজির হইয়া কারণ দর্শাইবেন, অন্যথায় আইন মোতাবেক কাৰ্য্য হইবে!

<u>'এ' তপশীল</u> জেলা-নদীয়া, থানা ও মৌজা- রাণাঘাট অধীন জে.এল. নং ১৫৫, রাণাঘাট পৌর শহরে ৮ নম্বর ওয়ার্ডে ৫৫ নং এস.ভি. সরণী, হোল্ডিংভুক্ত খং নং- সি.এস. আর.এস.-৪০০৬ এল.আর.এস.- ৮৬২৮ ও ৯৬৯৭ ভুক্ত, দাগ নং- আর.এস.- ২৭৩৭, এল.আর. ৬৮৪৯ দাগে নির্দিষ্ট চিহ্নিত ০৭ শতক মধ্যে ০৪ শতক, আর.এস. ২৭৪৮, এল.আর. ৬৮৬০ দাগে নির্দিষ্ট চিহ্নিত ১২ শতক মধ্যে ০২ শতক, আর.এস ২৭৪৫, এল.আর. ৬৮৫৭ দাগে নির্দিষ্ট চিহ্নিত ০৭ শতক মধ্যে ০৫ শতক, আর.এস. ২৭৪৯, এল.আর. ৬৮৬১ দাগে নির্দিষ্ট চিহ্নিত ০২ শতক মধ্যে ০.০০০০ শতক (০.৬২৫ অংশ) ফাঁকা

চৌহদ্দী : উত্তরে- সিমেন্টের প্যাসেজ তৎপর কালীপদ পাল, দক্ষিণে অভিজিৎ রায়, পূর্বে- সিমেন্টের প্যাসেজ তৎপর জ্ঞানানন্দ আশ্রম, পশ্চিমে- নরেন সরকার ও রাধাবল্লভ ভট্টাচার্য্য।

<u>'বি' তপশীল</u> দানপত্র দলিল নম্বর- ৭৬৬৫ তাং ৩০-১১-২০১৭/২২-১১-২০১৭ যাহা পূর্বে একজিকিউটেড হইয়াছিল- সুমিতা দাস, শ্যামচাঁদ প্রামাণিক করিয়া দিয়াছিলেন পম্পা চন্দ বরাবর রেজিঃ বুক নং- ১, ভ্যলুম নং- ১৩০৫- ২০১৭, পাতা নং ১৩৮১১২ হইতে ১৩৮১৪১ বিং নং- ১৩০৫০৭৬৬৫. সাল- ২০১৭ অফিস- এ.ডি.এস.আর.. রাণাঘাট-১ অদ্য সন ২০২৩ সালের ২/৯ তারিখে আমার স্বাক্ষর ও মোহরযুক্ত মতে

> আদেশানুসারে-মধুসুদন পাল ২-৯-২৩ সেরেস্তাদার ডিস্ট্রিক্ট ডেলিগেট, রানাঘাট, নদীয়া

নাম-পদবী

আমি, Jalema Bibi, স্বামী Tajrul Mondal, সাং কুমারপুর, পোঃ নটিয়াল, থানা সাগরপাড়া, জেলা মুর্শিদাবাদ, পিন-৭৪২৩০৮, গত ইংরাজী ২৮/১২/২০২৩ S.D.E.M. Berhampore, Murshidabad, আদালতের SL.

No. 3702, হলফনামা বলে ঘোষণা করেতেছি যে, আমার ছেলের জন্ম শংসাপত্রে আমার নাম Jalema, স্বামীর নাম Tajrul Sekh, এবং ছেলে Ebrahim Sekh লিপিবদ্ধ আছে। যাহা হবে Jalema Bibi, স্বামী Tajrul Mondal, ছেলে Ebrahim Mondal. Jalema Bibi & Jalema এক ও অভিন্ন ব্যক্তি। Tajrul Mondal & Tajrul Sekh এক ও অভিন্নব্যক্তি। Ebrahim Mondal ও Ebrahim Sekh এক ও অভিন্ন ব্যক্তি।

NOTICE

Nazirpur Teachers Training College, Vill+ P.O- Gopalpur, P.S- Karimpur, Nadia. Pin-741165 Applications are invited for B.Ed Principal, As per NCTE norms, Asst. Professor Bengali, Geography, Sanskrit, Life Science, Phy. Science, Math, Pol Science, Music and Librarian (Master degree M.Ed 55% with NET/ Ph.D) 9732442101 e-mail: nttc.secretary@gmail.com

E-Tender

E- Tender invited by The Prodhan, Palsunda-I Gram Panchayat (Under Tehatta-II Samity) Panchayat Palsunda, Nadia. NIET- 02/ PAL-I/5TH SFC/2024, 03/ PAL-I/ 15TH CFC/2024 & 34/ PAL-I/5TH SFC, 35/PAL-I/15TH CFC, 36/PAL-I/15TH CFC. Last date of submission accordingly 22.01.2024 & 27.01.2024 up to 6p.m. For details please contact to the or visit wbtenders.gov.in

Sd/- Prodhan, Palsunda-I Gram Panchayat.

শ্রোণবদ্ধ

বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

অ্যাড কানেক্সন সন্তোষ কমার সিং

হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১ ইমেইল-adconnexon@gmail.com হুগলি

মা লক্ষ্মী জেরক্স সেন্টার, সবণী চ্যাটার্জি, ঠিকানা কোটের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১,

জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি, প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

নদিয়া টাইপ কর্ণার, নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ \$8980**0**8\$9b

রাজ টেলিকম, অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, মোঃ ১৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।

সুজয়া উদ্যোগ সমূহ, শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩২, মোঃ ৯৩৩৩১১০৬৫৯। **অবসর**, ডি. বালা, চাকদহ, নদিয়া। মোঃ

98098705071 সবিতা কমিউনিকেশন, প্রোঃ- রুমা দেবনাথ মজুমদার, ৪/১ প্রাচীন মায়াপুর ৩য় লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২, মো-৮১০১৩ ৭৩৫৮১

আইনক্স আডে এজেন্সি সুরজিৎ মাইতি, পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, মোঃ ৯৭৩২৬৬৬০৫২

পূর্ব মেদিনীপুর

শ্যাম কমিউনিকেশন, দেবব্রত পাঁজা, দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপর, পিন: ৭২১১৫৪. মোঃ ১৪৭৪৪৪৬৮১৬/ ৭০৭৪৪৯৩৭৯৬

মানসী অ্যাড এজেন্সি, শশধর মান্না, মেচেদা ও তমলুক, ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭ <u>পশ্চিম মেদিনীপুর</u>

মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি দুর্গেশ চন্দ্র শুক্রা, ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড

নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খঙ্গাপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১ মোঃ ৮৯১৮০৬৩৪৪৬

মর্শিদাবাদ পি' অ্যাডস্ সলিউশন, অমিত কুমার দাস, ১৬৭, দয়ানগর রোড, পোঃ- খাগড়া, জেলা- মর্শিদাবাদ, পিন-৭৪২১০৩। মোঃ ৯৪৭৪৫৭৮৬৩৫/

কনকনে শীতেও ঘরের মধ্যে জল, ক্ষোভ উগরে দিলেন রামকৃষ্ণপুরের বাসিন্দারা

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: বর্ষাকালে জল যন্ত্রণা একরকম।

কিন্তু তাই বলে বছরের মধ্যে ৯ মাসই জল জমবে তেমনটাই ঘটছে হাওডার সাঁকরাইল ব্লুকের চুনাভাটির রামকৃষ্ণপুর এলাকায়। এখানকার কয়েকশো পরিবারকে বছরের পর বছর ধরে জল যন্ত্রণা ভোগ করে চলেছেন। সাঁকরাইল পঞ্চায়েত সমিতির অন্তর্গত এই রামকৃষ্ণপুর এলাকায় এখনও পর্যন্ত জল জমে আছে। বাসিন্দাদের অভিযোগ, এই এলাকা বছরের ৯ -১০ মাসই জলমগ্ন থাকে। প্রশাসনের দরজা নেড়েও ঘুম ভাঙেনি। বার বার আবেদন জানিয়ে সুরাহা মেলেনি। কনকনে শীতেও ঘরের মধ্যে জল জমে রয়েছে। খাটের নীচে জল থইথই। এই জমা জল পেড়িয়ে ঘর থেকে বেরোনো দুক্ষর হয়ে পড়েছে বাসিন্দাদের। এলাকাতে এখনও নেই সঠিক নালা নিকাশির

জল- যন্ত্রনা নিয়ে বছরের পর বছর দিন কাটাচ্ছেন এখানকার বাসিন্দারা। পঞ্চায়েত ভোট মিটলেও মেটেনা এই এলাকার সাধারণ মানুষের জল যন্ত্রণার দুর্ভোগ। শাসক দল থেকে পঞ্চায়েত হয়ে ব্লক উন্নয়ন আধিকারিকের দফতরের চক্কর কাটিয়েও কোনও সুরাহা মেলেনি। অভিযোগ মৌখিক থেকে লিখিত অভিযোগ বিভিন্ন দপ্তরে জমা করার পরেও তাদের সমস্যার কোনও সুরাহা মেলেনি। বারো মাসের মধ্যে ৩ মাস জল নামলেও বছরের বাকি ৯ মাস জমে থাকা নোংরা জলের মধ্যে দিয়েই নিত্যদিনের কাজ সারতে হয়। বাড়ির একতলা জলের তলাতে থাকে আর তার উপরে তক্তাপোষ পেতে চলে রান্নাবান্না ও একতলাতে রয়েছে। রান্নাঘর সহ ওই ঘরগুলো খাওয়া দাওয়া। দেওয়ালে পিঠ থেকে যাওয়ায় মতো পরিস্থিতিতে যে কোনোদিন রাস্তা অবরোধ করে প্রশাসনের দৃষ্টি আকর্ষণের চিন্তা ভাবনা



১৬-১৭ বছর ধরে এই সমস্যাতে ভুগছি। এলাকার আশেপাশে অপরিকল্পিত বাড়ি, বহুতল নির্মাণের খেশারত আমরা দিচ্ছি। এলাকাতে জল নিকাশির ব্যবস্থা নেই। বাড়ির একতলা জলের সবাইকে জানিয়েও কোনও সুরাহা মেলেনি আমাদের। পঞ্চায়েত প্রধান থেকে সদস্য সকলেই আসেন, দেখেন, আশ্বাস দিয়ে চলে যায়। কাজের কাজ কিছু হয় না।' এলাকার অপর এক বাসিন্দা লদী দে বলেন, 'আমার বাড়িতে তিনটে ঘর জলে ডুবে যাচ্ছে। দীর্ঘদিনের এই সমস্যা, কাউকে বলে কোনও সমাধান হয়নি।'

ওই এলাকার বাসিন্দাদের অভিযোগ থানা মাকুয়া পঞ্চায়েত প্রধানের সঙ্গেও আলোচনা কি না আর হলেও কবে সেটাই এলাকার হারু বেরা* অভিযোগ করে বলেন, 'বিগত হয়েছে। ব্লক উন্নয়ন অধিকারিকেও লিখিত বাসিন্দাদের কাছে এখন বড় প্রশ্ন।

জানিয়ে শুধু প্রতিশ্রুতি পেলেও সমস্যার কোনও সমাধান হয় নি।

যদিও থানা মাকুয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান আবু মন্ডল জানান,' সমস্যা আছে, আমরা বিষয়টি তলায়। তক্তপোষ পেতে রান্নাবান্নার কাজ করতে গুরুত্ব দিয়ে দেখছি। ইতিমধ্যে আন্দুল হাইড্রেনের হয়। বাচ্ছারা এই জল পেরিয়েই স্কুলে যাচ্ছে। সঙ্গে আনুষাঙ্গিক ড্রেনের কাজ চালু হয়েছে। আরও কাজ হবে। আগামী বর্ষাকালের মধ্যেই কিছুটা হলেও সমাধান করতে পারবো। সাঁকরাইল পঞ্চায়েত সমিতির সহ সভাপতি অরূপেশ ভট্টাচার্য বলেন, 'এটা মানবিক বিষয়। আমাদের কাছে পর্যাপ্ত তহবিল নেই যাতে বড় আকাবে ডেন কবে এই সমস্যাব সমাধান কবতে পারবো। আমরা আমাদের স্বল্প ক্ষমতায় এই সমস্যা সমাধানের আন্তরিক চেস্টা চালাচ্ছি।'

যদিও এই সমস্যা আদৌ সমাধান করা হবে

শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের শুভ বিবাহ উৎসব ২০২৪



নিজস্ব প্রতিবেদন, কলকাতা: শ্যাম সুন্দর কোং জুয়েলার্স নিয়ে এসেছে 'শুভ | নিজস্ব প্রতিবেদন, কলকাতা: যাত্রীদের নিরাপতা সুনিশ্চিত করতে সবরকম ববাহ ডৎসব'। আগামী ১৭ জানুয়ারি থেকে ১৪ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত এই উৎসবের আয়োজন হতে চলেছে। এই উদ্যোগের উদ্দেশ্য হল, ভারতীয় ঐতিহ্যের উদ্যাপন করা ও বিয়ের মরসুম উপলক্ষে গ্রাহকদের জন্য বিয়ের গয়নার নতুন সম্ভার নিয়ে আসা। বিয়ের মরসুমের জন্য সোনা এবং হীরের বিয়ের গয়নার এক সম্পূর্ণ নতুন সংগ্রহ নিয়ে আসা হয়েছে। শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের ডিরেক্টর অর্পিতা সাহা বলেন, 'আসলে ভারতীয় বিবাহ অনুষ্ঠান হল একটি পরস্পরা ও আবেগ। এর সঙ্গে জড়ে থাকে এক অন্তত রোমান্টিসিজম। তাই আমরাও শুভ বিবাহ উৎসবের সময় সবসময়ই 'ব্রাইডাল জুয়েলারি উইথ সেন্টিমেন্টস অ্যাটাচড'-এর কথা বলি, কারণ সকলের কাছেই বিয়ের এক আলাদা অনুভূতি রয়েছে। ' এই উৎসব উদযাপন করার জন্য গ্রাহকদের জন্য লাকি ড্র, উপহার আর বিশেষ আকর্ষণীয় অফারও রাখা

যাত্রী নিরাপত্তা সুনিশ্চিত করতে পদক্ষেপ মেট্রোর



ব্যবস্থা ।নচ্ছে কলকাতা মেট্রো রেল। আগ্নকাণ্ডের মতো অস্নাতিকর ঘটন এড়াতে ও ঘটনা ঘটলে কী করণীয় সে বিষয়ে বিশেষ প্রশিক্ষণও দেওয়া হল মেটো রেলের কর্মীদের। এমনিতেই নিরাপত্তা ব্যবস্থার নিয়মিত পর্যবেক্ষণ ও পর্যালোচনা করেন কলকাতা মেট্রোর শীর্ষকর্তা পি উদয় কুমার রেড্ডি। মেট্রো স্টেশনে যে কোনও অগ্নিকাণ্ড সংক্রান্ত যে কোনও আপৎকালীন পরিস্থিতি মোকাবিলায় মেট্রো কর্মীদের প্রস্তুতি খতিয়ে দেখতে সবসময়ই নজর রাখেন কর্মীদের দক্ষতা বৃদ্ধির ওপর। আর সেই কারণেই নিয়মিত অগ্নি নির্বাপণ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। গত ১৬ এবং ১৮ জানুয়ারি কবি সুভাষ, সল্ট লেক স্টেডিয়াম ও ফুলবাগান স্টেশনে মেট্রো কর্মীদের জন্য এ ধরনের দু'টি প্রশিক্ষণ কর্মসূচি হয়। এই প্রশিক্ষণ কর্মসূচিতে মেট্রো কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হয় কিভাবে অগ্নি নির্বাপক যন্ত্র পরিচালনা

সংখ্যালঘু ভোট ফিরিয়ে আনতে মুখ্যমন্ত্রী সংহতি মিছিল করছেন দাবি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর



নিজম্ব প্রতিবেদন, ব্যারাকপুর: 'তার হাত থেকে সংখ্যালঘু ভোট চলে গিয়েছে। সেই সংখ্যালঘু ভোট ব্যাঙ্ক ফিরিয়ে আনতে সংহতি মিছিল করছেন'। বৃহস্পতিবার পানিহাটিতে এসে এমনটাই দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দ অধিকারী। প্রসঙ্গত, আগামী ২২ জানুয়ারি অযোধ্যায় রামন্দিরের শুভ উদ্বোধন উপলক্ষে এদিন সন্ধেয় পানিহাটির অমরাবতী মাঠে বিশ্বের সবচেয়ে বড় মাটির প্রদীপ উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করেছিল পানিহাটি সনাতন মঞ্চ। অনুষ্ঠানে এসে শুভেন্দু অধিকারী বলেন, 'রামমন্দির উদ্বোধনের দিন মমতা বন্দ্যোপাধ্যায় দু'টি কারণে কলকাতায় সংহতি মিছিল করছেন। প্রথমত, ওনার কাছ থেকে সংখ্যালঘু ভোট সরে গিয়েছে। লোকসভা নির্বাচনের আগে সংখ্যালঘু ভোট ফিরিয়ে আনতে চান। দ্বিতীয়ত, রাজ্যে দাঙ্গা লাগিয়ে সনাতনীদের উনি জেলে পুরতে চান। শুভেন্দুর কথায়, মমতা বন্দ্যোপাধ্যায় ২৩ জানুয়ারি নেতাজির জন্মদিনে কিংবা ২৪ জানুয়ারি অথবা ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবসের দিন মিছিল করতে পারতেন। কিন্তু উনি তা না করে রামমন্দির উদ্বোধনের দিন ২২ জানুয়ারি মিছিল করছেন। যদিও রামমন্দির উদ্বোধনের দিন সর্তসাপেক্ষে সংহতি মিছিল করার অনুমতি দিয়েছে উচ্চ আদালত। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, হয়তো সংহতি মিছিলের নাম করে অশান্তি মিছিলকে অনুমোদন দেওয়া হয়েছে। ওইদিন বেশ কিছু বিধি নিষেধ আরোপ করায়, তিনি আদালতের কাছে কৃতজ্ঞ। তাঁর দাবি, রামন্দির উদ্বোধনের দিন একটাও যদি কোথাও ঘটনা ঘটে, তার দায়-দায়িত্ব রাজ্যের শাসকদল ও পুলিশের ঘাড়ে যাবে। শুভেন্দু এদিন ছিলেন ভাটপাড়ার বিধায়ক পবনকুমার সিং, কলকাতা উত্তর শহরতলি জেলার সভাপতি অরিজিৎ বক্সী, ব্যারাকপুর জেলার প্রাক্তন সভাপতি সন্দীপ ব্যানার্জি, পানিহাটি সনাতন মঞ্চের জয় সাহা, প্রাক্তন বিধায়ক শীলভদ্র দত্ত প্রমুখ।

অমৃত ভারত স্টেশন প্রকল্পে নতুন রূপে সেজে উঠছে বালি

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: হাওড়া জেলার বালি রেল স্টেশনকে নতুন রূপে সাজিয়ে তোলার কাজ শুরু করেছে পূর্ব রেল। ভারতীয় রেলের অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে এই কাজ শুরু হয়েছে বলেই রেল সূত্রে জানা গিয়েছে। অমৃত ভারত স্টেশন প্রকল্পে সারা দেশ জড়ে রেল স্টেশনগুলোকে যাত্রী স্বাচ্ছন্দ্যের কথায় মাথায় রেখে আরও আধুনিকভাবে গড়ে তোলা হচ্ছে। রেল জানিয়েছে এই স্টেশনের কাজের দরুন প্রথম ধাপে ৬ কোটি ৩৮ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। ৬৬ হাজার ৭৪০ স্কোয়ার মিটারের বালি স্টেশনের প্ল্যাটফর্ম, গাড়ি রাখার ব্যবস্থা, প্ল্যাটফর্মের ছাউনি সহ আরও অত্যাধুনিক সুবিধা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে । এই স্টেশন ও স্টেশন চত্বরের উন্নয়নের মাধ্যমে



স্থানীয় ব্যবসায়ী হাব হিসাবেও স্থানীয় ব্যবসায়ীদের সাহায্য করবে বলেই পূর্ব রেল জানিয়েছে। বালি স্টেশন থেকে যেমন বর্ধমান মেইন লাইনের ট্রেন ধরা যায় তেমন এখানে হাওড়া -বর্ধমান কর্ড লাইনের ট্রেন ধরার জন্য পৃথক প্ল্যাটফর্ম রয়েছে যা এই স্টেশনের গুরুত্ব বাড়িয়েছে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানান, 'পূর্ব রেল সর্বদা উন্নত ভ্রমণ অভিজ্ঞতা প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তাই এই অত্যাধুনিক রেল স্টেশনের মাধ্যমে স্থানীয় সম্প্রদায়ের আর্থ-সামাজিক উন্নয়ন এবং সামগ্রিক কল্যাণে অবদান রাখার জন্য কাজ করবে।'

কলকাতা ১৯ জানুয়ারি ২০২৪ ৪ মাঘ ১৪৩০ শুক্রবার

এথার পহর

ইডির নজরে শিক্ষক নিয়োগ দুর্নীতির হাইকোর্টে ধাক্কা শুভেন্দুর, ২২ জানুয়ারি



নিজস্ব প্রতিবেদন, কলকাতা: এসএসসি নিয়োগ দুর্নীতির তদন্তে এবার মিডলম্যানদের ভূমিকা খতিয়ে দেখতে বৃহস্পতির সকাল থেকে কলকাতার বিভিন্ন জায়গায় তল্লাশি চালাল ইডি। নিয়োগ দুর্নীতি কাণ্ডে কোথা থেকে টাকা কার কার হাত ঘুরে কোথায় গিয়েছে তা বের করতেই তদন্ত

তদন্তকারীদের নজরে নিয়োগ দুর্নীতিতে ধৃত প্রসন্ন রায়। ইডির নজরে প্রদীপ সিং, রনিত ঝাঁ-র কার্যকলাপ। তিন মিডলম্যান, কীভাবে নেতা-মন্ত্রীদের সঙ্গে তাঁদের যোগাযোগ, সেটাই জানতে মরিয়া ইডি। নিয়োগ দুর্নীতি কাণ্ডে গ্রেপ্তার হওয়া প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ছাড়াও ধৃত তৃণমূল বিধায়ক জীবন সাহারও ঘনিষ্ঠ এই

সূত্রের খবর, প্রসন্ন রায়ের একাধিক ঠিকানায় তল্লাশি চালিয়েছেন কেন্দ্রীয় এজেন্সির আধিকারিকরা। প্রসন্ন ও তাঁর ঘনিষ্ঠদের ঠিকানায় এর আগে সিবিআই তল্লাশি চালালেও এই প্রথম অভিযানে ইডি।

শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় বৃহস্পতিবার 'মিডলম্যান' প্রসন্ন রায়ের একাধিক বাড়ি ও অফিস-সহ মোট ৭ জায়াগায় হানা দেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা। সূত্রের খবর, নিউটাউনের বলাকা আবাসনে প্রসন্ন রায়ের ২টি ফ্র্যাটে, আইডিয়াল টাওয়ারে প্রসন্নর আরও একটি ফ্ল্যাট এবং তাঁর নিউটাউনের অফিসে পৌঁছে যান ইডি আধিকারিকরা। পাশাপাশি দেয় কেন্দ্রীয় এজেন্সি। সামনে আসে এক মিডলম্যানের নাম রোহিত ঝা। জানা গিয়েছে, এই রোহিত প্রসন্ন রায়ের ঘনিষ্ঠ। নয়াবাদে এই ফ্ল্যুটে তিনি নিজেই প্রোমোটিং করেন। পরিবহণ ব্যবসায়ী থেকে খুব অল্প সময়ের মধ্যে আর্থিকভাবে ভুলে ফেঁপে ওঠেন রোহিত। তাঁর আদি বাড়ি বিহারে। তবে তল্লাশি সংক্রান্ত কোনও বিষয়ে মুখ খোলেননি প্রদীপের বাবা অনুজ সিং। কার্যত মেজাজ হারাতে দেখা যায় তাঁকে।

প্রসঙ্গত, ২০২২-এর ২৭ অগাস্ট, নিউটাউনের একটি হোটেলের সামনে থেকে গ্রেফতার করা হয় প্রসন্ন রায়কে। সেই সময় সিবিআই-এর তরফে দাবি করা হয়েছিল, শিক্ষায় নিয়োগ দর্নীতিকাণ্ডে এই প্রসন্ন রায় ছিলেন একজন 'মিডলম্যান'। তাঁর মাধ্যমেই কোটি কোটি টাকা তোলা হয়। প্রসন্ন রায়, তাঁর স্ত্রী ও পরিবারের সদস্যদের নামে সাড়ে চারশোটি সম্পত্তি রয়েছে বলে বলে দাবি করে সিবিআই। নিয়োগ দুর্নীতির টাকাতেই সেই সমস্ত সম্পত্তি কেনা হয়েছিল বলেও দাবি করে কেন্দ্রীয় এই তদন্তকারী সংস্থা। পরে গত বছরের ১০ নভেম্বর, নিয়োগ দুর্নীতির দু'টি মামলায় সুপ্রিম কোর্ট থেকে জামিন পান 'মিডলম্যান' প্রসন্ন।

সূত্রের খবর, এদিন প্রায় আধ ঘণ্টা প্রসন্ন রায়ের অফিসের বাইরে দাঁড়িয়ে থাকার পরও সেখানে ঢুকতে পারেননি কেন্দ্রীয় এজেন্সির কর্তারা। এরপর যোগাযোগ করা হয় কেয়ারটেকারের সঙ্গে। ঘণ্টা দুয়েক বাদে অবশেষে প্রসন্নর অফিসে ঢুকতে পারেন তাঁরা। প্রসঙ্গত শিক্ষা নিয়োগ দুর্নীতির মামলায় আগে গ্রেপ্তার

মিডলম্যানরা, কলকাতায় দিনভর তল্লাশি তৃণমূলের সংহতি মিছিলে সবুজ সংকেত

অযোধ্যায় রাম মন্দির উদ্বোধনের দিন আগামী ২২ জানুয়ারি তৃণমূলের সংহতি মিছিলে আপত্তি জানিয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার শুনানির পর শুভেন্দুর আবেদন খারিজ করে দিয়েছে বেঞ্চ।২২ জানুয়ারি হাজরা মোড় থেকে পার্ক সার্কাসে পর্যন্ত শাসকদল অর্থাৎ তৃণমূল কংগ্রেসের সম্প্রীতি মিছিলের অনুমতি দিল কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি ডিভিশন বেঞ্চ।

হাইকোর্ট জানিয়েছে, সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে মিছিল করতে হবে। হাজরা মোড় থেকে পার্ক সার্কাস পর্যন্ত নিরাপত্তা দেখবে কলকাতা পুলিশ। বিজেপির তরফে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের যে আর্জি জানানো হয়েছিল, তাও খারিজ করে আদালত জানিয়েছে, এই মুহূর্তে কেন্দ্রীয় বাহিনীর প্রয়োজন নেই।

তবে প্রধান বিচারপতির নির্দেশ, সংহতি মিছিল থেকে কোনও উস্কানিমূলক বক্তব্য রাখা যাবে না। মিছিল করতে হবে শান্তি-শৃঙ্খলা বজায় রেখে সাধারণ মানুষের যেন কোনও অসুবিধা না হয়। এদিকে আগামী ২২ জানয়ারি কলকাতা শহরে একাধিক জায়গায় রামের পুজো করতে চেয়ে বৃহস্পতিবার হাইকোর্টের দ্বারস্থ রাজ্য বিজেপি।

কলকাতার গড়ফা, যাদবপুরের পূর্বাচল, শকুন্তলা পার্ক, পোস্তা গণৈশ টকিজ ও ভবানীপরে ২২ জানুয়ারি রাম পূজো এবং মিছিলের

অনুমতি চেয়ে এদিন বিজেপির তরফে হাইকোর্টে মামলা করার অনুমতি চান আইনজীবী বিল্পদল ভট্টাচার্য এবং তরুণজ্যোতি তিওয়ারি। আদালত আবেদন গ্রহণ করেছে। শুক্রবার এই মামলার শুনানি হবে বিচারপতি জয়

এদিকে উত্তর কলকাতার ঋষি অরবিন্দ পার্কে ২২ জানুয়ারি

সেনগুপ্তর এজলাসে।

দায়ের হয়েছে। একই দিনে সংশ্লিষ্ট এলাকায় ফটবল টর্নামেন্ট থাকায় রাজ্যের তরফে আপত্তি জানানো হয়। কলকাতা পুরসভাকে মামলায় যুক্ত করার নির্দেশ আদালতের। পুরসভাকে কপি দেওয়ার জন্য মামলাকারীকে নির্দেশ দিয়েছে আদালত। শুক্রবার ফের মামলার



পলতায় ১০টি বোমা উদ্ধার



নিজম্ব প্রতিবেদন, ব্যারাকপুর: বহু বছর ধরে বন্ধ থাকা পলতার বেঙ্গল এনামেল ওয়ার্কাস লিমিটেড-এর ঝোপ জঙ্গল থেকে উদ্ধার হল ১০টি বোমা। বস্তার মধ্যে সেগুলি লুকিয়ে

কারখানাটি বহু বছর ধরে বন্ধ

থাকায় বাবু কোয়ার্টারের পাশ্ববতী এলাকা জঙ্গলে ছেয়ে গিয়েছে। পরিত্যক্ত কারখানার পাশেই রয়েছে রেললাইন। পরিত্যক্ত জঙ্গলের মধ্যে রয়েছে একটি বড বট গাছও। স্থানীয় বাসিন্দা তপন কাঞ্জিলাল জানান, Jহস্পাতবার সকালে বাহরাগতরা জঙ্গলে কাঠ ও শুকনো পাতা কডোতে আসে। তারা দেখতে পায় বট গাছের ডালে বস্তা ঝুলছে। তাতে উঁকি মারতেই দেখা যায় বোমা। এরপর তারা বাবু কোয়ার্টারের বসিন্দাদের খবর দেয়। ঘটনাস্থলে আসে নোয়াপাড়া ও টিটাগড় থানার পুলিশ। বস্তার মধ্যে লুকিয়ে রাখা বোমাগুলি পলিশ উদ্ধার করে নিয়ে যায়। কারা, কী কারণে ওই জঙ্গলে বোমাণ্ডলি লুকিয়ে রেখেছিল, তা পুলিশ খতিয়ে দেখছে।

ভিক্টোরিয়া হাউসের সামনেই শর্ত সাপেক্ষে সভা করবে আইএসএফ



হয়েছিল। কয়েকটি ব্যাপার আইএসএফ-এর কাছে বৃহস্পতিবারের শুনানিতে জানতে চেয়েছিল হাইকোর্ট। সে সব শোনার পর শর্ত মেনে ২১শে জলাইয়ের সভাস্থলে সভা করায় আর কোনও বাধা রইল না আইএসএফ-এর।

দিবসে

সভা করতে পুলিশ বাধা দেওয়ায়, হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল আইএসএফ। রাজ্যের এজিও বিচারপতির কাছে আবেদন রেখেছিলেন সভাস্থল যদি অন্যত্র সরিয়ে নেওয়া যায়। তাতেই বুধবার বিচারপতি বলেছিলেন, 'আপনারা তো ওই জায়গায়ই সভা করেন। অন্য দলও করে। তাহলে এরা নয় কেনও ?' পাশাপাশি তিনি বলেছিলেন, কত কম লোক নিয়ে সভা করতে পারবে সেটা বৃহস্পতিবার

শুনানিতে জানাতে হবে আইএসএফকে। বহস্পাতবার আদালতের তরফে যে শত আইএসএফ-কে দেওয়া হয়েছে সেগুলি হল, বেলা আড়াইটা থেকে বিকেল সাড়ে ৪ টে পর্যন্ত ওই জায়গায় থাকতে পারবেন দলীয় কর্মীরা। সভা করা যাবে সর্বোচ্চ এক হাজার লোক নিয়ে। সঙ্গে দেওয়া হয়েছে মঞ্চ বাঁধার সীমাও। মঞ্চ বাঁধতে হবে ২০/২০ ফুটের। পাশাপাশি এও জানানো হয়েছে, সকাল ৯ টা থেকে দুপুর ১টার মধ্যে মঞ্চ তৈরির কাজ করা যাবে না। গাড়ির ব্য়াপারেও রয়েছে বাধ্যবাধকতা। ১৫টির বেশি গাড়ি নিয়ে যেতে পারবে না এই রাজনৈতিক সংগঠনের সদস্যরা। সঙ্গে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে যে, সভাস্থলে রাখতে হবে ভলান্টিয়ার। গাড়ি যাওয়ার রাস্তা ছেড়ে রাখতে হবে। সঙ্গে এও নির্দেশ দেওয়া হয়েছে খারাপ বা উস্কানি মূলক



পাশাপাশি এও জানানো হয়েছে যে, পুলিশ ও সংগঠন গোটা সভার ভিডিয়োগ্রাফি করবে। সেই কারণে পর্যাপ্ত পুলিশের ব্যবস্থা করতে হবে। এদিকে আদালত সূত্রে খবর, বৃহস্পতিবার রায় দানের আগে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল ফের একবার আবেদন করেন

ভিক্টোরিয়া হাউসের সামনে এই সভার অনুমতির ক্ষেত্রে আপত্তি তুলে। তিনি বলেন, 'পুলিশের গুলিতে ১১ জনের মৃত্যুতে সেখানে সভা করে একটা নির্দিষ্ট দল। তৎকালীন শাসক দল সেখানে সভার অনুমতি দেয় স্পেশাল কেস হিসেবে।'

এরপরই বিচারপতি এদিন রাজ্যকে বলেন, 'আমরা এখানে এই বিচার করতে বসিনি। যেখানে কোনও একটা ঘটনার প্রেক্ষিতে কোনও এক দলের জন্য ওই জায়গা নির্দিষ্ট হয়ে যাবে। আপনারা সভা করলে ওঁরা করবে না কেন, ওঁদের এই যুক্তির পালটা কী যুক্তি দেবেন?' বিচারপতি আরও বলেন, 'পাঁচ হাজার লোকের সভা করার আবেদন করেছিল আইএসএফ। এখন তারা এক হাজার লোক নিয়েও সভা করতে রাজি। আপনারা আপত্তি করেন ওই জায়গা নিয়ে!'

এদিকে এদিন আদালতের নির্দেশ, 'একটি দল তার জন্মদিন পালনের জন্য সভার জায়গা পছন্দ করতে পারে। রাজ্যের আপত্তি থাকতে পরে সেই জায়গা নিয়ে। এই জায়গায় ধারাবাহিকভাবে সভা হয়। তাই সেখানে একটা দলকে নিয়ে আপত্তির কোনও যুক্তি থাকতে পারে না।'

এজি এদিন প্রশ্ন করেন, 'কী ভাবে একটা দল নিজের ইচ্ছে মত জায়গা পছন্দ করছে?' পালটা বিচারপতি বলেন, 'আপনাদের যদি ওই একটি জায়গা নিয়ে রিজার্ভেশন থাকে তাহলে ওই জায়গা আপনারা সংরক্ষণ করুন। সেখানে কাউকে অনুমতি দেবেন না, তা নিশ্চিত

জব কার্ড দুর্নীতির তদন্তে ৩ সদস্যের কমিটি গঠনের নির্দেশ আদালতের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: এবার জব কার্ড দুর্নীতির তদন্তের জন্য ৩ সদস্যের কমিটি গঠনের নির্দেশ দিল হাইকোর্ট। বৃহস্পতিবার প্রধান বিচারপতি শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চ निदर्मभ দেয় ক্যাগের একজনের সঙ্গে রাজ্য ও কেন্দ্রের একজন করে প্রতিনিধি থাকবেন কমিটিতে। দুই সরকারকে তাঁদের প্রতিনিধির নাম শীঘ্রই জানাতে হবে বলেও নির্দেশ দেন প্রধান বিচারপাত। গোটা রাজ্যে জব কার্ড দুর্নীতির তদন্ত

করবে ওই কমিটি। এরপর তাঁরা রিপোর্ট জমা দেবে আদালতে। এদিনের এই মামলার শুনানিতে প্রধান বিচারপতি মন্তব্য করেন, '২০২৩-২৪ অর্থবর্ষে যাতে নতুন করে কাজ চালু হয় তার জন্য কেন্দ্র ও রাজ্যকে সজাগ থাকতে হবে।' আগামী বৃহস্পতিবার এই মামলার পরবর্তী শুনানি।

এদিকে এই মামলায় খেত মজদুর সংগঠনের হয়ে লড়ছেন



আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য। তিনি জানান, 'আমরা শ্রমিক, আমাদের পারিশ্রমিক নিয়ে কথা, আমরা কাজের জানিয়েছি কিন্তু কাজ পাইনি। কেন্দ্র বা রাজ্য কারা দায়িত্ব নেবে সেটা তারাই ভাবক। তাদের দায়িত্ব শ্রমিকদের জন্য কাজ এবং উপযুক্ত পারিশ্রমিকের ব্যবস্থা করা। এক্ষেত্রে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম জানতে চান. 'বর্তমান পরিস্থিতি কী? যতই

দুর্নীতি বা যা কিছু থাক, যারা প্রকৃত অভাবী তাদের জন্য কী করা হয়েছে? কাউকে তো দায়িত্ব

প্রসঙ্গত, ২০২১ সালে একটি কেন্দ্রের দল পৌঁছয় মালদা ও পাহাড়ে। সেই সময় টিমের প্রতিনিধিরা জানিয়েছিল, জব কার্ড নিয়ে সম্ভুষ্ট নন তাঁরা। এরপর ২০২৩-এ কলকাতায় আসে ১৫টি টিম। সেই টিম ফিরে যাওয়ার পর রাজ্যের কাছ থেকে কিছু তথ্য

সেগুলি পাঠিয়েও দেওয়া হয়। অভিযোগ, তারপরেও নতুন করে কোনও টাকা দেয়নি কেন্দ্র। একাধিকবার কেন্দ্রের যোগাযোগও করা হয়েছে, যাতে নতুন করে এই প্রকল্প চালু করা হয়। এ ব্যাপারে নথিও দেওয়া হয়েছে এই প্রসঙ্গে আইনজীবী

রঞ্জন ভট্টাচার্য হাইকোর্টের কাছে আবেদন করেন, জব কার্ড দুর্নীতির জন্য একটি তিন সদস্যের কমিটি গঠন করে দেওয়া হোক, যারা

এই বিষয়ে সম্পূর্ণ তদন্ত করবে। সমস্ত সওয়াল জবাব শোনার পর প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ তিন সদস্যের একটি কমিটি গঠনের নির্দেশ দেয়। সেক্ষেত্রে এবার আদালতের এই নির্দেশের পর কোন দিকে মোড় নেয় জব কার্ড দুর্নীতির তদন্ত। প্রসঙ্গত, জব কার্ড হোল্ডাররা টাকা পাচ্ছেন না বলে দীর্ঘদিন ধরেই অভিযোগ উঠছে। যা নিয়ে দফায় দফায় সরগরম হয়েছে রাজনীতিও।

সম্পর্কের টানাপোড়েনে অশান্তি, 'আত্মঘাতী' যুবক



স্বাস্থ্যসাথী কার্ড সংক্রান্ত বিষয়ে

বেসরকারি হাসপাতালগুলিতে নতুন

গেলে এবার পুরসভার নতুন সিদ্ধান্ত

মানতে হবে। নতুন ফ্লোর বা তল

তৈরি করলে সেখানে একটা

'স্বাস্থ্যসাথী' ব্লক বাধ্যতামূলকভাবে

রাখতে হবে। কোনও স্বাস্থ্যসাথীর

কার্ড থাকা রোগীকে ফেরানো যাবে

না। পর্যাপ্ত চিকিৎসা করতেই হবে।

ফের দেওয়া হয়েছে এই নির্দেশ।

একইসঙ্গে মেয়র অনুমোদনেও ভর্তি

কোনও মুমূর্য দৃঃস্থ রোগীকে ভর্তি

করা যাবে এই ব্লকে। স্বাস্থ্যসাথী কার্ড

ছাড়া মাস পিছু ১০ জন হৃদরোগে

আক্রান্ত রোগীর চিকিৎসা করা যাবে

এখানে। ওপেন হার্ট সার্জারি হোক বা

অপারেশন,

যদি ওই হাসপাতালে ক্যানসার রোগীদের চিকিৎসা হয়, তাহলে মেয়রের অনুমোদন থাকা ক্যান্সার আক্রান্ত রোগীদের বিনামূল্যে চিকিৎসা করতে হবে। তবে সেটা মাসে প্রথম নিজস্ব প্রতিবেদন, কলকাতা:

১০ জন রোগীর। ১১ তম রোগীর ক্ষেত্রে চিকিৎসার ব্যয়ভারের ৪০ কলকাতা পুরনিগমের নয়া সিদ্ধান্ত। শতাংশ রোগীকে বহন করতে হবে। বাকি ৬০ শতাংশ বহন করবে ফ্লোর বা তল তৈরির অনুমতি নিতে হাসপাতাল কর্তৃপক্ষকে। স্বাস্থ্যসাথী কার্ড নিয়ে এলে সেই রোগীর যদি গুরুতর বা জটিল রোগ হয়ে থাকে, তাহলে চিকিৎসার ক্ষেত্রে অধিক গুরুত্ব দিতে হবে বলে নির্দেশ দেওয়া

এদিকে সূত্রে খবর, মেয়র পরিষদের বৈঠকে এই বিষয়টি অনুমোদন পেয়েছে। আগামী ১৯ জানুয়ারি কলকাতা পৌরসভার অধিবেশনে তা পাশ করানো হবে। এরপরই বিল্ডিং আইনে সংশোধনী এনে বেসরকারি হাসপাতালগুলিকে নতুন আইন সমেত নোটিস পাঠিয়ে দেওয়া হবে। এদিন এমনটাই সিদ্ধান্ত হয়েছে কলকাতা পুরনিগমে।

তাব *জেবে*ই আতাহত্যা।

বেহালার পর্ণশ্রীতে অনীক সাহা নামে এক যুবকের

ঝুলন্ত দেহ উদ্ধার করল পুলিশ। ফ্ল্যাট থেকে দেহ উদ্ধার হতেই সামনে এসেছে লিভ ইন পার্টনারের সঙ্গে অশান্তির কথা। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

জানা গিয়েছে, মৃত যুবক অনীক সাহা বিবাহিত ছিলেন। আর এক বিবাহিতা মহিলার সঙ্গে সম্পর্কে

জড়িয়ে পড়েন বছর তিনেক আগে। সেই মহিলার ডিভোর্স হয়ে গেলেও অনীকের বিবাহ বিচ্ছেদ হয়নি। অথচ হাওড়া লিলুয়ার বাসিন্দা বছর ৩১-এর অনীক সাহা ও বেহালা পর্ণশ্রীর বাসিন্দা রিম্পা চক্রবর্তী একসঙ্গে লিভ ইন পার্টনার হিসেবেই থাকছিলেন। রিম্পার বছর সাতেকের ছেলেও আছে।

রিম্পা, অনীককে ডিভোর্স দেওয়ার জন্য চাপ দিচ্ছিলেন বলেই জানা গিয়েছে। কিন্তু অনীক স্ত্ৰীকে যোগাযোগও রাখতেন বলেও খবর। এ নিয়ে রিম্পার সঙ্গে অশান্তি চরমে ওঠে। গত দু'মাস আগে সেই ঝামেলার জেরে রিম্পা অনীকের বিরুদ্ধে থানায় অভিযোগ জানান। ঘটনায় অনীকের জেল হেপাজতও হয়। জামিনে মুক্তির পর সেই রিম্পার সঙ্গেই থাকতে শুরু করেন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে বুধবার রাতে ফের তাঁদের অশান্তি হয় প্রবল। রিম্পা চারতলার ফ্যাট

অনীক চিৎকার করে বলেন আত্মহত্যা করবে। তা শুনেই পাড়ার একজন ১০০ ডায়ালে ফোন করেন।

রিম্পা উপরে গিয়ে দেখে ভেতর থেকে দরজা বন্ধ ডাকাডাকি করে কোনও সাড়াশব্দ পাওয়া যাচ্ছে না। তখন রাত সাড়ে বারোটা। এরপর পুলিশ এসে দরজা ভেঙে দেখে সিলিং ফ্যানের সঙ্গে নাইলন দড়ি দিয়ে ঝুলছে অনীক।

গিয়ে প্রদীপ থেকে আচমকা আগুন লেগে হচ্ছে মৃত্যু

সতর্ক করতে গাইডলাইন প্রকাশ করবে পুলিশ

